

RP
20/05/2022

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০। Website:
www.dnc.gov.bd

শ্রী: ডেভান
10.05.22

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে NIMS (Narcotics Information Management System) ব্যবহার বিষয়ে KOICA এবং Genweb2 Software কোম্পানি এর প্রতিনিধিদের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ
মহাপরিচালক
সভার তারিখ ১৯ এপ্রিল ২০২২
সভার সময় বেলা ১২.৩০ ঘটিকা।
স্থান অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
উপস্থিত পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

সভাপতি সভার প্রারম্ভে প্রযুক্তির কার্যকর ও উপযোগী ব্যবহারের আধুনিক দর্শনকে বাস্তবরূপে রূপায়িত করে "ডিজিটাল বাংলাদেশ" গড়ার মাধ্যমে স্বচ্ছতা, জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং সর্বোৎকৃষ্ট প্রযুক্তি ব্যবহার করে সরকারী সেবা প্রদান সহজীকরণের উপর গুরুত্বারোপ করেন। অতঃপর সভায় উপস্থিত NIMS বাস্তবায়নের ক্ষেত্রে নিয়োজিত Genweb2 Software কোম্পানি এর প্রতিনিধিকে আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত উপস্থাপন করতে অনুরোধ করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

২.১ NIMS Software Development and Implement এর বিষয়ে যাবতীয় কার্যক্রম মনিটরিং ও পরামর্শ প্রদানে দায়িত্ব পালন করবেন :

ক্রম	নাম ও পদবী	মন্তব্য
১	জনাব মোঃ আজিজুল ইসলাম অতিরিক্ত মহাপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	সার্বিক তদারকি এবং সার্বক্ষণিক পরামর্শ প্রদান
২	জনাব মোঃ মোস্তাক মামুন খান সিস্টেম এনালিস্ট মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	ফোকাল কর্মকর্তা
৩	জনাব দীর্জেন চন্দ্র গোপ সহকারী প্রোগ্রামার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	সহকারী ফোকাল কর্মকর্তা


২.২ আগামী ১৫ মে ২০২২ এর মধ্যে পুরোপুরিভাবে NIMS Software চালু করতে হবে।

২.৩ NIMS বাস্তবায়নের অগ্রগতি নিয়ে আগামী ১৮ মে ২০২২ তারিখে একটি সভা আহ্বান করতে হবে। উক্ত সভায় এ সংক্রান্ত একটি উপস্থাপনা পেশ করতে হবে।

২.৪ Genweb2 Software কোম্পানি এর প্রতিনিধিগণ NIMS Software বাস্তবায়নে জনাব মোঃ মোস্তাক মামুন

খান, সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ
মহাপরিচালক

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৫.০০.০০১.২১.১৩৪

তারিখ: ৭ বৈশাখ ১৪২৯

২০ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/চিফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩) উপপরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪) সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫) জনাব, KOICA এর প্রতিনিধি।
- ৬) জনাব, Genweb2 Software কোম্পানি এর প্রতিনিধি।
- ৭) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ।
- ৮) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ।
- ৯) অফিস কপি, ।



দীপজয় হীসা
সহকারী পরিচালক